দৈনিক বাংলা

তারিখ ১৬।৫।৮১
পৃষ্ঠা ৮ কলাম ৪

437

038

# কুড়িগ্রামে শতকরা ২০ জন ছাত্র-ছাত্রী পাঠ্যবই পায়নি

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কুড়িগ্রাম, ১০ই মে।—শিক্ষা-বর্ষের চার মাস চলে গেছে কিন্তু পল্লী অঞ্চলে এখনো ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর পাঠ্যবই শতকরা ২০ জন ছাত্রছাত্রীর হাতে পৌঁছেনি।

কুড়িগ্রাম মহকুমার রৌমারী, রাজিবপুর, ভুরুঙ্গামারী, নাগেশ্বরী, ফুলবাড়ি ও চিলমারী প্রভৃতি থানা এলাকার ডাকঘরের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর নতুন ও পুরানো পাঠ্যবইয়ের সরবরাহ নেই। এখনো শতকরা ২০ জন ছাত্রছাত্রী পাঠ্যবই সংগ্রহ করতে পারেনি। পাঠ্যবই না থাকায় বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষকরা নোটবই দিয়ে ক্লাশ নিচ্ছেন, ছাত্র-ছাত্রীরা নোটবই নিয়ে ক্লাশ করছে।

ইতিমধ্যে বিভিন্ন থানা পোস্ট অফিসে ৬ষ্ঠ শ্রেণীর বিজ্ঞান, সমাজ পাঠ, ইসলাম ধর্ম, গার্হস্থ্য বিজ্ঞান, কৃষি বিজ্ঞান প্রভৃতি কিছুসংখ্যক মাত্র পাঠ্যবই সরবরাহ করা হয়েছে এবং ৭ম শ্রেণীর বাংলা, অংক, ইংরেজী ও জ্যামিতি পাঠ্যবই সরবরাহ করা হয়েছে কয়েক কপি। এ ছাড়া ৭ম শ্রেণীর সমাজ, বিজ্ঞান, ইসলাম ধর্ম, গার্হস্থ্য, কৃষি প্রভৃতি পাঠ্য পুস্তকের সরবরাহ নেই। এখন ৯ম শ্রেণীর কোন পাঠ্যবই ডাকঘরে পাওয়া যাচ্ছে না। শিক্ষাবর্ষের চার মাস চলে গেছে এখনো পাঠ্য বই ছাত্রছাত্রীদের হাতে পৌঁছেনি। ফলে অভিভাবক ও শিক্ষক মহলে দারুন উৎকন্ঠা দেখা দিয়েছে।

সম্প্রতি রৌমারী ডাকঘরে মাত্র ২৫ কপি ৭ম শ্রেণীর নতুন পাঠ্য-বই সরবরাহ করা হয়। খবর পেয়ে কয়েকশ ছাত্রছাত্রী বই নেয়ার জন্য এলে অবস্থা বেগতিক দেখে পোস্ট মাস্টার থানা থেকে পুলিশ এনে পরিস্থিতি আয়ত্বে আনেন। অনুরূপভাবে স্বল্প সংখ্যক পাঠ্যবই ভুরুঙ্গামারী ডাকঘরে বিক্রি শুরু হলে পুলিশ এনে পরিস্থিতি মোকাবেলা করতে হয়েছে। পল্লী অঞ্চলে ছাত্রছাত্রীদের লেখাপড়া বন্ধ হয়ে পড়েছে। অবিলম্বে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর সমস্ত পাঠ্যবই দ্রুত সরবরাহের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।